মুজিবনগরে এনসিপির উপজেলার আহ্বায়ক কমিটির (আংশিক) অনুমোদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মেহেরপুর জেলা শাখার আওতাধীন মুজিবনগর উপজেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে আগামী ছয় মাসের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

অনুমোদিত কমিটিতে আহ্বায়ক হিসেবে মো. নাহিদ ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে মো. রবিউল ইসলাম এবং যুগ্ম আহ্বায়ক হিসেবে সজিব হাসান, হাফেজ ক্বারী মো. মনিরুল ইসলামের নাম উল্লেখ রয়েছে।

এ ছাড়া সদস্য সচিব হিসেবে মো. মাহফুজুর রহমান, সিনিয়র যুগ্ম সদস্য সচিব হিসেবে মো. সজিব শেখ এবং যুগ্ম সদস্য সচিব হিসেবে মো. শহিদ রানা, মো. জহিরুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে।

কমিটিতে সাংগঠনিক সম্পাদক হিসেবে মো. রাকিব হাসান এবং সহ-সাংগঠনিক সম্পাদক হিসেবে মো. জিহাদ উদ্দিন, রকি পিয়াদার নাম রয়েছে।

জেলা শাখার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, অনুমোদিত কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি প্রণয়ন করে জেলা কমিটির দপ্তরে জমা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

নতুন এ কমিটির মাধ্যমে মুজিবনগর উপজেলায় এনসিপির সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল হবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

আহ্বায়ক রিদুওয়ানুল হক মুজাহিদ, সদস্য সচিব তাজমির ইসলাম

জাতীয় ছাত্রশক্তির মেহেরপুর জেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। আগামী এক বছরের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

আহসান লাবিব, ভারপ্রাপ্ত সভাপতি, জাতীয় ছাত্রশক্তি এবং আবু বাকের মজুমদার, সাধারণ সম্পাদক, জাতীয় ছাত্রশক্তি স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়।

অনুমোদিত আংশিক আহ্বায়ক কমিটিতে আহ্বায়ক করা হয়েছে রিদুওয়ানুল হক মুজাহিদকে। সিনিয়র যুগ্ম আহ্বায়ক করা হয়েছে রাইহান কবিরকে। যুগ্ম আহ্বায়ক হিসেবে রয়েছেন ফারহানা তাসনিম।

এ ছাড়া সদস্য সচিব হিসেবে রয়েছেন মো. তাজমির ইসলাম, সিনিয়র যুগ্ম সদস্য সচিব আমিনুল ইসলাম সায়েম, যুগ্ম সদস্য সচিব সিনথিয়া ফারহান রিশা এবং মুখ্য সংগঠক মো. শাহারুল ইসলাম।

অনুমোদনপত্রে আগামী সাত কার্যদিবসের মধ্যে মেহেরপুর জেলা শাখার পূর্ণাঙ্গ কমিটি প্রকাশের নির্দেশ দেওয়া হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার এডহক কমিটির অনুমোদন

আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার ৭ সদস্য বিশিষ্ট এডহক কমিটির অনুমোদন দিয়েছে জাতীয় ক্রীড়া পরিষদ। জাতীয় ক্রীড়া পরিষদের নির্বাহী পরিচালক দৌলতুজ্জামান খানের স্বাক্ষরিত এক আদেশ নামায় এই এডহক কমিটির অনুমোদন দেওয়া হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শাহীনুর আক্তারকে সভাপতি ও হারুনূর রশিদ মন্ডলকে সদস্য সচিব করে ৭ সদস্য বিশিষ্ট এডহক কমিটির অনুমোদন দেওয়া হয়।

বাকী সদস্যরা হলেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ,কৃষি কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা, যুব উন্নয় কর্মকর্তা, মহিলা বিষয়ক কর্মকর্তা ও শরিফুল ইসলাম পিন্টু।

গত ৮ ই জুন জাতীয় ক্রীড়া পরিষদের আদেশে এই এডহক কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে গনতান্ত্রিক পক্রিয়ায় নির্বাচনের মধ্যদিয়ে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করবে।

এছাড়াও স্থানীয় ক্রীড়ার কার্যক্রমকে গতিশীল, সুগঠিত ও কার্যকর ভূমিকা পালন করবে বলে ক্রীড়া সংশ্লিষ্টরা মনে করেন।

এছাড়াও এই কমিটি বর্তমান ক্রীড়া পরিচালনা, ক্রীড়া প্রতিযোগিতা আয়েজন করা, খেলার মান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করা এবং যুব সমাজকে খেলার মাঠে আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য বিশেষ ভূমিকা রাখবে বলে অনেকেই মন্তব্য করেছেন।

আলমডাঙ্গা ক্রীড়াঙ্গনে মামুনুর রশীদ মন্ডল দীর্ঘদিন ধরে কার্যকর ভূমিকা পালন করে আসছে। সেই সাথে শরিফুল ইসলাম পিন্টু খেলার মাঠে অগ্রণী ভূমিকা পালন করতে দেখা যায়।

আলমডাঙ্গার সুধীমহল ও ক্রীড়ামোদী মানুষ তাদের দুজনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

দুটি বিষয় অনুমোদনের চিঠি পেল মেহেরপুর বিশ্ববিদ্যালয়

বহুল প্রতীক্ষিত মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালু করার লক্ষ্যে দুটি বিষয়ে অনুমোদনের চিঠি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) থেকে মেহেরপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

[illegible]

[illegible], “[illegible]”

[illegible]-[illegible]

[illegible] Faculty of Engineering and Technology [illegible]: Computer Science & Engineering (CSE) Faculty of Arts [illegible]: English Language & Communication Studies.

[illegible] ([illegible]) [illegible]

[illegible], [illegible]

[illegible]

[illegible], [illegible], [illegible]

আলমডাঙ্গা বৃহত্তর উপজেলায় ২০টি ইটভাটা অবস্থিত। প্রতিটি ইটভাটায় গড়ে ৩০০ শ্রমিক, গাড়ি চালকসহ লেবার ও ব্যবসায়ীদের সাথে মিলিয়ে প্রায় ৫০ হাজার মানুষ কর্মসংস্থানের সঙ্গে যুক্ত।

ইটভাটার প্রস্তুতি, অবকাঠামো, কাঁচামাল সংগ্রহ এবং জ্বালানি ব্যবহারের বিষয়গুলো ২০১৩ সালের আইন ও ২০১৯ সালের সংস্কার অনুযায়ী নিয়ন্ত্রিত। ২০২২ সালে সংযোজন করা হয়েছে, যদি কোনো ইটভাটা ৫০০ মিটারের মধ্যে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের পাশে থাকে, তবে তার অনুমোদন বাতিল করা হবে। এছাড়া পরিবেশ অধিদপ্তর ইট পোড়াতে গাছের খড়ির পরিবর্তে কয়লা ব্যবহারেও নিষেধাজ্ঞা দিয়েছেন।

আলমডাঙ্গার ২০ জন ইটভাটা মালিক বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়ার আশঙ্কায় উদ্বিগ্ন। আলমডাঙ্গা ইটভাটা মালিক সমিতির সভাপতি আসিরুল ইসলাম সেলিম বলেন, এই মরসুমে ইটভাটায় ৪০ থেকে ৫০ লক্ষ টাকা বিনিয়োগ করেছি। যদি ইটভাটা বন্ধ বা উচ্ছেদ করা হয়, তাহলে আমি ও আমার শ্রমিকরা বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়ব।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে অনুমোদন পাচ্ছে দুইটি সাবজেক্ট

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালুর জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) দুইটি বিষয় অনুমোদন দিচ্ছে।

ইউজিসির সর্বশেষ বৈঠকে মেহেরপুর বিশ্ববিদ্যালয়, নওগাঁ বিশ্ববিদ্যালয় ও বগুড়া বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালুর জন্য দুটি করে বিষয়ের অনুমোদন দেওয়া হয়েছে।

এদিকে, বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াও এগিয়ে চলছে। ইউজিসির পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক মাকছুদুর রহমান ভূঁইয়ার নেতৃত্বে আজ রবিবার পাঁচ

সদস্যের প্রতিনিধি দল মেহেরপুরে তিনটি স্থান ময়ামারির মাঠ, বিএডিসির বারাদি ফার্ম ও খড়ের মাঠ পরিদর্শন করেছেন।

২০২৫-২৬ শিক্ষাবর্ষে গুচ্ছ ভর্তি পরীক্ষার মাধ্যমে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রথম ব্যাচের শিক্ষার্থী ভর্তি হবে।
মেহেরপুর সরকারি কলেজের অনার্স ভবনে ছয়টি কক্ষ বরাদ্দ দিয়ে আধুনিক শ্রেণিকক্ষ তৈরির কাজ শুরু হয়েছে। পাশাপাশি অফিস ভাড়া নিয়ে রেজিস্ট্রারসহ প্রয়োজনীয় কর্মকর্তাও নিয়োগ দেওয়া হয়েছে।

মেহেরপুরে জেমসের কনসার্টের অনুমোদন না দেওয়ায় সংবাদ সম্মেলন

জনপ্রিয় সংগীতশিল্পী গুরু জেমসের কনসার্টের প্রশাসনিক অনুমোদন না পাওয়ায় সংবাদ সম্মেলন করেছে সূর্য ক্লাব মেহেরপুর। আজ শুক্রবার বেলা ১২টার দিকে ক্লাবের পক্ষ থেকে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

লিখিত বক্তব্যে সূর্য ক্লাবের সভাপতি নাহিদ মাহমুদ সানি জানান, ক্লাবের গ্র্যান্ড ওপেনিং সেরিমনি উপলক্ষে আগামী ১০ অক্টোবর শহরের উপকণ্ঠে গোভিপুর স্কুল মাঠে “গুরু জেমস লাইভ ইন মেহেরপুর কনসার্ট ২০২৫” আয়োজনের পরিকল্পনা করা হয়। ইতিমধ্যে নগর বাউল ব্যান্ডের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তিও সম্পন্ন হয়েছে।

তিনি বলেন, আমরা গত ১০ সেপ্টেম্বর জেলা প্রশাসকের কাছে লিখিত আবেদন করি। জেলা প্রশাসক আবেদনটি পুলিশ সুপারের কাছে প্রেরণ করেন। তবে এখনো পর্যন্ত অনুমোদন মেলেনি। এরই মধ্যে কনসার্টের প্রচার-প্রচারণা ও টিকিট বিক্রি শুরু হয়েছে। কিন্তু প্রশাসনিক সহযোগিতা না পাওয়ায় আমরা হতাশ। মেহেরপুরবাসীর দীর্ঘদিনের প্রত্যাশা এই কনসার্টকে ঘিরে।

অনুষ্ঠানস্থল ও শিল্পীদের নিরাপত্তার জন্য পুলিশ, সেনাবাহিনী,

র্যাব, আনসার সদস্য, ফায়ার সার্ভিস, জরুরি মেডিকেল টিম, অ্যাম্বুলেন্স সার্ভিস, বিএনসিসি, রেডক্রিসেন্ট, স্কাউটসহ বিপুল সংখ্যক স্বেচ্ছাসেবক কাজ করবে। দর্শকদের নিরাপত্তা নিশ্চিতে পানির বোতল, লাইট, ধাতব জিনিস, মাদকদ্রব্য, সিগারেট ও পুরুষ দর্শকদের ব্যাগ বহন নিষিদ্ধ থাকবে।

ক্লাব কর্তৃপক্ষ প্রশাসনের প্রতি কনসার্টের অনুমোদন এবং জেমসের নিরাপত্তা নিশ্চিতে সার্বিক সহযোগিতা কামনা করেছে। এসময় জাতীয় নাগরিক পার্টির সদস্য মোঃ ইমতিয়াজ আহমেদ, ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ নাসিম রানা বাঁধনসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

এনসিপি’র মেহেরপুর সদর উপজেলা সমন্বয় কমিটি অনুমোদন

হাসমত উল্লাহকে প্রধান সমন্বয়কারী, সালাউদ্দিন রনি ও ওমর ফারুককে যুগ্ম সমন্বয়কারী করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ১৫ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা সমন্বয় কমিটি প্রকাশ করা হয়েছে। বুধবার এনসিপি’র সদস্য সচিব আখতার হোসেন ও দক্ষিণ অঞ্চলের মুখপাত্র হাসনাত আবদুল্লাহ এ কমিটির অনুমোদন দেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- সাঈদ হাসান, মোঃ কাইয়ুম আলি, তাহসিন রাব্বি, সাজেদুর রহমান, মোঃ পিন্টু মল্লিক, ইব্রাহিম হোসেন, আবাবিল হাসান সুইট, ইকবাল হোসেন রাজ, মোঃ রেজাউল করিম, সাহেব মাহমুদ, মোঃ মোবারক হুসাইল, মোঃ আরাফাত হোসেন।
আগামী ৩ মাস অথবা আহ্বায়ক কমিটি গঠন পর্যন্ত এ কমিটি বলবৎ থাকবে বলে বলা হয়েছে।

এনসিপি’র মেহেরপুর জেলা সমন্বয় কমিটি অনুমোদন

সাকিল আহমেদকে প্রধান সমন্বয়কারী, মো: আরিফ খান ও আশিক রাব্বিকে যুগ্ম সমন্বয়কারী করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ১৫ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা সমন্বয় কমিটি প্রকাশ করা হয়েছে।

মঙ্গলবার এনসিপি’র সদস্য সচিব আখতার হোসেন ও দক্ষিণ অঞ্চলের মুখপাত্র হাসনাত আবদুল্লাহ সাক্ এ কমিটির অনুমোদন দেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- শামীম আহমেদ আযম, ইমতিয়াজ আহমেদ, হাসনাত জামান সৈকত, খন্দকার মুইজ উদ্দীন, তামিম ইসলাম, আব্দুল্লাহ আল সাদ, রিদওয়ানুল হব মুজাহিদ, লাল চাঁদ, সাদ্দাম হোসেন জীবন, আমির হামজা, মাহবুব ই তাওহিন রবিন ও শাওন শেখ।

আগামী ৩ মাস অথবা আহ্বায়ক কমিটি গঠন পর্যন্ত এ কমিটি বলবৎ থাকবে বলে বলা হয়েছে।

জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক কমিটি অনুমোদন

বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় সভাপতি জয়নুল আবেদীন ও মহাসচিব ব্যারিস্টার কায়সার কামালের স্বাক্ষরে এ কমিটি অনুমোদন দেওয়া হয়।

নতুন আহ্বায়ক কমিটিতে মো. আসাদুল আযম খোকন কে আহ্বায়ক করা হয়েছে। সদস্য সচিব হিসেবে দায়িত্ব পেয়েছেন এ.কে.এম. জিল্লুর রহমান। সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে আছেন মো. আনোয়ার হোসেন।

এছাড়া যুগ্ম আহ্বায়ক হিসেবে রয়েছেন মো. আতাউল হক এবং মখলেছুর রহমান খান স্বপন।

কমিটির সদস্যরা হলেন আদিল করিম, মারুফ আহাম্মদ বিজন, মো. কামরুল হাসান, মো. নজরুল ইসলাম, মো. আরিফুজ্জামান এবং সাইদুর রহমান রিপন।

কমিটিকে অনুমোদনের তারিখ থেকে তিন মাসের জন্য কার্যকরি ধরা হয়েছে এবং উক্ত সময়ের মধ্যে সম্মেলনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠন করার নির্দেশনা দেওয়া হয়েছে।